



# রেজিস্ট্রার

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪৩৩১  
 ফোন : পিবিএস ০২৩৩৪৬০৭৬৫-৭৪  
 : ০২৩৩৪৬০৭৭৯-৯১  
 এক্সটেন-অফ : ৪২০১  
 ফ্যাক্স : ০২৩৩৪৬০৭৭৮  
 ই-মেইল : registrar@cu.ac.bd  
 মোবাইল ফোন :

# Registrar

University of Chittagong, Chattogram-4331  
 Phone : PABX 02334460765-74  
 : 02334460779-91  
 Extn-Off : 4201  
 Fax : 02334460778  
 E-mail : registrar@cu.ac.bd  
 Mobile Phone :

স্মারক নম্বর: জি-৮৩(৪)/জি-১২৩/সা. প্রশা./২০২৬/৪৯৬৩

তারিখ: ৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
 ১৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ থেকে স্নাতক পর্যায়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অভিন্ন সেমিস্টার পদ্ধতি ও আউটকাম বেসড এডুকেশন (OBE) কারিকুলাম প্রবর্তন এবং এ সংশ্লিষ্ট অনুমোদন প্রক্রিয়া সম্পন্নকরণে জরুরী নির্দেশনা:

‘বাংলাদেশ অ্যাক্রেডিটেশন আইন ২০১৭’-এর ১৫ (১) ধারা অনুযায়ী প্রণীত Bangladesh National Qualification Framework (BNQF) প্রতিপালন এবং প্রাতিষ্ঠানিক ও প্রোগ্রাম অ্যাক্রেডিটেশন প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে, গত ১১ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত ২৪৯তম একাডেমিক কাউন্সিলের সভায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ থেকে সকল স্নাতক প্রোগ্রামে পূর্ণাঙ্গভাবে আউটকাম বেসড এডুকেশন (OBE) ফ্রেমওয়ার্ক এবং অভিন্ন সেমিস্টার পদ্ধতি প্রবর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আগামী মে ২০২৬ খ্রি. থেকে নতুন শিক্ষাবর্ষের নিয়মিত পাঠদান কার্যক্রম এই পরিকল্পিত নতুন ফ্রেমওয়ার্কের অধীনেই শুরু হবে। আগামী ২৯ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখ একাডেমিক কাউন্সিলের ২৫০তম সভা অনুষ্ঠিত হবে। এই সভার ন্যূনতম এক সপ্তাহ পূর্বে সকল বিভাগ ও ইনস্টিটিউটকে তাদের পূর্ণাঙ্গ OBE কারিকুলাম এবং স্নাতক প্রোগ্রামের অর্ডিন্যান্স প্রস্তুত করে ‘কমিটি অব কোর্সেস (CoC)’, ‘একাডেমিক কমিটি’ এবং সংশ্লিষ্ট অনুষদ সভায় অনুমোদন করে নিতে হবে। কমিটি অব কোর্সেস-এর সভায় অ্যালামনাই, চাকরিজীবী এবং অপরাপর অংশীজনদের আমন্ত্রণ জানাতে হবে। এই আবশ্যিক পরিবর্তন সফল করতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/ইনস্টিটিউট এবং সম্মানিত শিক্ষকমণ্ডলীর প্রতি নির্দেশক্রমে নিম্নোক্ত জরুরী নির্দেশনা ও পরামর্শ প্রদান করা হলো:

১. ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ভর্তিকৃত স্নাতক শিক্ষার্থীদের ক্লাস অভিন্ন সেমিস্টার সিস্টেম এবং OBE কারিকুলামে মে ২০২৬ খ্রি. থেকে শুরু হওয়ার বিষয়ে সুস্পষ্টভাবে প্রস্তুতি গ্রহণ করা;
২. সকল শিক্ষককে নিজ নিজ কোর্সের OBE ফরম্যাটে কারিকুলাম প্রণয়নে ব্যক্তিগত দায়িত্ব গ্রহণ এবং স্ব স্ব বিভাগের OBE কারিকুলাম প্রণয়ন প্রক্রিয়ায় নিবিড় ও সক্রিয়ভাবে অংশগ্রহণ করা;
৩. শিক্ষার্থীকেন্দ্রিক পাঠদান ও আধুনিক মূল্যায়ন পদ্ধতি অনুশীলনের জন্য শিক্ষকদের নিজেদের প্রস্তুত করা এবং প্রয়োজনে এ বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (IQAC)-এর কারিগরি সহায়তা গ্রহণ করা। IQAC প্রথম সেমিস্টারে কোর্স পরিচালনাকারী শিক্ষক এবং সংশ্লিষ্টদের নিয়ে OBE-সংশ্লিষ্ট Teaching, Learning and Assessment এবং Course File ব্যবস্থাপনা বিষয়ে ধারাবাহিক প্রশিক্ষণ আয়োজন করবে;
৪. OBE-এর মূলনীতিসমূহ, OBE কারিকুলাম অনুসরণে ‘Teaching, Learning and Assessment পরিচালনা, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (BAC)-এর নিয়মাবলি, স্ট্যান্ডার্ড এবং অ্যাক্রেডিটেশন ফ্রেমওয়ার্ক সম্পর্কে শিক্ষকগণ সম্যক ধারণা অর্জন করা এবং
৫. বিশ্ববিদ্যালয়ের উৎকর্ষ সাধন এবং গ্র্যাজুয়েটদের আন্তর্জাতিক মান নিশ্চিতকরণে এই কার্যক্রম সফল করা সকল শিক্ষকের পেশাদারিত্ব ও প্রাতিষ্ঠানিক দায়বদ্ধতা অপরিহার্য।

(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)  
 রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
 চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

বিতরণ : ১। ডিন, সকল অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

২। সভাপতি, সকল বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়/পরিচালক, সকল ইনস্টিটিউট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

৩। সকল বিভাগ ও ইনস্টিটিউটের শিক্ষকমণ্ডলী, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

স্মারক নম্বর: জি-৮৩(৪)/জি-১২৩/ জি-৭৯৮/সা. প্রশা./২০২৬/৪৯৬৩

তারিখ: ৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
 ১৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে আদেশক্রমে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (IQAC), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

২। পরিচালক, আই সি টি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তি চ.বি. ওয়েবসাইটে আপলোড করা এবং সকল শিক্ষককে ই-মেইলের মাধ্যমে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৩। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

৪। ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

৫। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

ডেপুটি রেজিস্ট্রার  
 জেনারেল শাখা, রেজিস্ট্রার অফিস  
 চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।